| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

| For Examiner's Use |
|---|
| |

General Certificate of Secondary Education
June 2007

**BENGALI** **3636/LH**
**Listening Test**
**Higher Tier**

# H

Wednesday 23 May 2007 1.30 pm to 2.15 pm approximately
(including reading time)

**You will need no other materials.**

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2/3 | | 6/7 | |
| 4/5 | | 8/9 | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

Time allowed: 40 minutes approximately
+ 5 minutes reading time before the test

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Before the tape is started, you will be allowed five minutes during which you may read through the questions. You may make notes in this time.
- **Do not open this book until you are told to do so.**

This is what you should do for each item.
- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- Answer **all** questions.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test.**
- The test starts now.

**Information**
- The maximum mark for this paper is 40.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.





LEAVE MARGIN BLANK

# ক বিভাগ
## প্রশ্ন ও উত্তর বাংলায়

### হোমওয়ার্ক

জামাল তার হোমওয়ার্ক টাইমটেবল সম্বন্ধে কথা বলছে।

১. কোন বিষয়ে জামালের কোন দিন হোমওয়ার্ক থাকে? ছবি দেখে নিচের ছকটা পূরণ করো।

| ক | খ | গ | ঘ | ঙ |
|---|---|---|---|---|
|  |  | $2 \times \frac{4x + 6y^2}{12 \times n}$ <br> $\sqrt{352} \times 7$ |  |  |

| উদাহরণ | শুক্রবার | ঘ |
|---|---|---|
| (i) | সোমবার | |
| (ii) | বুধবার | |
| (iii) | বৃহস্পতিবার | |

(i) *(1 mark)*

(ii) *(1 mark)*

(iii) *(1 mark)*

**দুই বান্ধবী কথা বলছে।**

২. মরিয়মকে সবাই ভালোবাসতো কেন?

..........................................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**মজার কথা – রহমানদের পরিবার গরিব!**

তুমি রেডিও শুনছো।

৩. বাচ্চাটা কি করেছে?

..............................................................................................................................

*(1 mark)*

৪. জুনায়েদ কেন বলেছে যে রহমানরা গরিব?

..............................................................................................................................

*(1 mark)*

**নিউওরলিনস**

তুমি রেডিও শুনছো।

৫. নিউওরলিনসে কি হয়েছে?

..............................................................................................................................

*(1 mark)*

৬. এর ফলে মানুষের কি অসুবিধা হলো? দুটি বিষয় লেখো।

..............................................................................................................................

..............................................................................................................................

*(2 marks)*

৭. জর্জ বুশের মনের অবস্থা কেমন?

..............................................................................................................................

*(1 mark)*

| |
|---|
| 10 |

**Turn over ▸**

LEAVE MARGIN BLANK

**হিমালয়**

তুমি রেডিও শুনছো।

৮. তেনজিং ও হিলারী কেন বিখ্যাত?

..........................................................................................................................................

*(1 mark)*

৯. হিলারী কোন দেশের নাগরিক?

..........................................................................................................................................

*(1 mark)*

**মজার কথা – আব্বা জিতেছে**

তুমি রেডিও শুনছো।

১০. আব্বা কি জিতেছেন?

..........................................................................................................................................

*(1 mark)*

১১. আব্বা জিনিসটা কাকে দিতে চান? দুটি বিষয় লেখো।

..........................................................................................................................................

..........................................................................................................................................

*(2 marks)*

১২. সবাই কেন হাসলো?

..........................................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**ইয়ট রেইস**

তুমি রেডিও শুনছো।

১৩. নৌকাটা কি ধরনের? দুটি বিষয় লেখো।

.......................................................................................................................................

.......................................................................................................................................

*(2 marks)*

১৪. এই প্রতিযোগীতায় কারা যোগ দিতে পারবে?

.......................................................................................................................................

*(1 mark)*

১৫. তাদের কি গুন থাকতে হবে?

.......................................................................................................................................

*(1 mark)*

**Turn over for the next question**

10

LEAVE MARGIN BLANK

**টমেটোর চাটনি**

তুমি কুকারির ক্লাসে টমেটোর চাটনি কি করে রান্না করতে হয় তা শিখছো।

১৬. কি রকম টমেটো, আদা ও মরিচ ব্যবহার করতে হবে? নামের পাশে ঠিক অক্ষর লেখো।

| | |
|---|---|
| প্রয়োজন মতো | ক |
| শুকনা | খ |
| পাকা | গ |
| কুচিকুচি করে কাটা | ঘ |

উদাহরণ

| লবণ | ক |
|---|---|
| টমেটো | |
| আদা | |
| মরিচ | |

(1 mark)

(1 mark)

(1 mark)

১৭. টমেটোর খোসা কিভাবে সহজে ছাড়াতে পারবে?

.....................................................................................................................................

.....................................................................................................................................

*(2 marks)*

১৮. রান্না হয়ে গেলে এবং ঠাণ্ডা করলে টমেটোর চাটনিটা দেখতে কি রকম হবে?

.....................................................................................................................................

.....................................................................................................................................

*(2 marks)*

LEAVE MARGIN BLANK

**নাগরিকতা (সিটিজেনশীপ) – তিনটি প্রতিজ্ঞা**

তুমি শক্তি সঞ্চয় সম্পর্কে (এনার্জি সেভিং) একটি রেডিও প্রোগ্রাম শুনছো।

১৯. দাঁত মাজার সময় জলের ট্যাপ বন্ধ রাখলে কতোটা জল বাঁচাতে পারবে?

..............................................................................................................................

*(1 mark)*

২০. চা বানানোর সময় কি নিয়ম মানা উচিত?

..............................................................................................................................

*(1 mark)*

২১. এ নিয়ম মানলে কি লাভ হবে?

..............................................................................................................................

..............................................................................................................................

*(2 marks)*

২২. দিনে পঞ্চাশ মিলিয়ন পাউন্ড বঁাচাতে হলে আমাদের কি করা উচিত?

..............................................................................................................................

*(1 mark)*

**Turn over for Section B**

12

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English**.

News Roundup

You are listening to the radio.

**Question 23** New Planet

**23** What is the new planet made of? Write **two** features.

1 ..................................................................................................................................

2 ..................................................................................................................................

*(2 marks)*

**Question 24** Robotic kitten

**24** What can this kitten do? Mention **two** things.

1 ..................................................................................................................................

2 ..................................................................................................................................

*(2 marks)*

**Questions 25 and 26** Clever dog

**25** What disability does this dog have?

......................................................................................................................................

*(1 mark)*

**26** How does the dog respond when you say ‘good boy’?

......................................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**Questions 27 and 28** Ayesha

You switch on the radio near the end of the programme.

**27** When is Ayesha most happy?

..........................................................................................................................................

*(1 mark)*

**28** What is her motto for life?

..........................................................................................................................................

*(1 mark)*

**END OF QUESTIONS**

8

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

General Certificate of Secondary Education
June 2007

**BENGALI** **3636/LH/T**
**Listening Test Transcript**
**Higher Tier**

**FOR INVIGILATOR'S USE ONLY**

Wednesday 23 May 2007 1.30 pm to 2.15 pm approximately (including reading time)

Time allowed: 40 minutes approximately
+ 5 minutes reading time before the test

This is what you should do for each item.

- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- Answer **all** questions.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test.**
- **The test starts now.**

# ক বিভাগ
## প্রশ্ন ও উত্তর বাংলায়

**প্রশ্ন ১**

মা – জামাল, তুমি এই টার্মে হোমওয়ার্ক টাইমটেবল পেয়েছো?

জামাল – হ্যাঁ, মা।

মা – বলো, কোন দিন কি হোমওয়ার্ক আছে, আমাকে জানতে হবে।

জামাল – সোমবার অঙ্ক, মঙ্গলবারে কোনো হোমওয়ার্ক নেই, বুধবারে ইংরেজি, বৃহস্পতিবারে বিজ্ঞান আর শুক্রবারে ইতিহাস।

মা – তুমি হোমওয়ার্ক নিয়ম মত করবে।

জামাল – হ্যাঁ, মা।

**প্রশ্ন ২**

তুমি কেমন আছ মিনা? গরমের ছুটিতে কোথাও যাবে না?

না, এবার কোথাও যাবো না।

মরিয়মের কথা মনে আছে? সে বাংলাদেশে গেছে। তার বিয়ে হবে।

ঠিক মনে পড়ছে না। সে কেমন দেখতে?

বেশ লম্বা চেহারা, মাথা ভর্তি লম্বা কোঁকড়ানো চুল।

হ্যাঁ, এবার মনে পড়ছে। সে সবাইকে খুব হাসাতো। সে জন্যে সবাই তাকে খুব ভালোবাসতো।

**প্রশ্ন ৩ এবং ৪**

| | |
|---|---|
| জুনায়েদ | – মা, মা, রহমানদের পরিবার খুব গরিব? |
| মা | – জুনায়েদ, তুমি কেন এ কথা বলছো? |
| জুনায়েদ | – ওদের ছোটো বাচ্চাটা, মর্জিনা! সে আজ সকালে একটা পাঁচ পেনি গিলে ফেলেছিলো। আর বাড়ির সবাই দৌড়াদৌড়ি আর চিৎকার শুরু করে দিয়েছিলো কয়েনটাকে গলা থেকে বের করে আনার জন্যে। |
| সকলে | – হা, হা, হা ... |

**প্রশ্ন ৫ থেকে ৭**

হারিকেন ক্যাটরিনা নিয়ে এলো এক নতুন দুর্যোগ – প্রবল বন্যা। নিউওরলিনসের লক্ষ লক্ষ মানুষের কষ্টের শেষ রইলো না। রাস্তাঘাট সব জলে ডুবে গেলো। বাড়িঘর সব ভেসে গেলা। খাবার নেই, ওষুধ নেই। জর্জ বুশের মনে গভীর চিন্তা, তিনি উদ্বিগ্ন কিভাবে তিনি সবাইকে সাহায্য করবেন, কিভাবে তিনি সবার প্রাণ বাঁচাবেন!

**প্রশ্ন ৮ এবং ৯**

হিমালয়ের উপরে ওঠার জন্যে অনেকে চেষ্টা করেছিলেন, কিন্তু উঠতে পারেননি। এভারেস্টে ওঠার পথ খুব কঠিন আর বরফে ঢাকা। যাঁরা পাহাড়ে উঠতেন তাঁরা মাল বয়ে নিয়ে যাবার জন্যে ওই এলাকার 'শেরপাদের' সাহায্য নিতেন। শেরপারা সবাই নেপালের লোক। এই রকম একজন শেরপা ছিলেন তেনজিং। নিউজীল্যান্ডের নাগরিক হিলারী যখন এভারেস্টের পথে যাত্রা শুরু করেছিলেন তখন তিনি তেনজিংকে সাথে নিয়েছিলেন তাঁর জিনিসপত্র বয়ে নিয়ে যাবার জন্যে। তেনজিং আর হিলারির বিজয়ের গল্প আমরা সবাই জানি। এভারেস্টকে জয় করেই তেনজিং এবং হিলারি বিখ্যাত হয়েছেন এবং ইতিহাসের পাতায় নাম রেখেছেন।

**প্রশ্ন ১০ থেকে ১২**

ছেলেমেয়েরা – আব্বা, প্যারেন্টস্ ইভিনিং-এ গিয়েছিলে?

আব্বা – হ্যাঁ, দেখ কি এনেছি!

ছেলেমেয়েরা – কি, দেখি দেখি।

আব্বা – একটা খেলনা! প্যারেন্টস্‌দের জন্যে একটা র‍্যাফেল হয়েছিলো। র‍্যাফেলে জিতেছি।

ছেলেমেয়েরা – আমাকে দাও, আমাকে দাও।

আব্বা – আমি এই খেলনাটা তোমারে মধ্যে একজনকে দেবো।

ছেলেমেয়েরা – কে পাবে, কে পাবে?

আব্বা – যে মার কথা সব সময় শোনে, মাকে সব সময় সাহায্য করে আর মার সাথে মিষ্টি ভাষায় কথা বলে সে পাবে।

ছেলেমেয়েরা – তা হলে আব্বা, তুমিই তো এই খেলনাটা পাবে!

সকলে – হা, হা, হা ...

**প্রশ্ন ১৩ থেকে ১৫**

আপনি আমাদের সাথে ইয়ট রেইসে যোগ দিতে চান? আমরা পালতোলা দ্রুতগামী নৌকায় সমুদ্র পার হবো। আপনার সাহস আছে এই প্রতিযোগিতায় যোগ দেবার?

২৫ বছরের কম বয়সী যুবক যুবতীরা এই প্রতিযোগিতায় যোগ দেবার সুযোগ পাবে। তাদের সবার সাথে সহযোগিতা করে কাজ করার গুণ থাকতে হবে এবং স্বাস্থ্য ভালো থাকতে হবে।

আসুন, আমাদের সাথে যোগ দিন। এ রকম অ্যাডভ্যানচারের সুযোগ আর পাবেন না।

**প্রশ্ন ১৬**

টিচার – তোমরা সবাই নিশ্চয় টমেটোর চাটনি খেয়েছো। মিনা, তুমি বল তো টমেটোর চাটনি খেতে কি রকম?

মিনা – টক টক আর মিষ্টি মিষ্টি, স্যার।

টিচার – টমেটোর চাটনি রান্না করতে হলে কি কি জিনিস লাগে তা আমি বোর্ডে লিখে দিয়েছি। দেখতে পাচ্ছো যে, এক পাউন্ড বড়ো এবং পাকা টমেটো লাগবে।

তিনটা শুকনা মরিচ লাগবে। এক চামচ কুচিকুচি করে কাটা আদা লাগবে। প্রয়োজন মত লবণ লাগবে। আর যা লাগবে তা বোর্ডে লেখা আছে।

**প্রশ্ন ১৭ এবং ১৮**

টিচার – টমেটোগুলির খোসা আলগা করার জন্যে এগুলিকে প্রথমে ফুটন্ত জলে তিরিশ সেকেন্ড ভিজিয়ে রাখবে। তারপর ঠাণ্ডা জলে ভিজিয়ে দিলে টমেটোর খোসা সহজে ছাড়াতে পারবে। টমেটোগুলিকে চার ভাগ করে কাটো। প্যানে কিছুটা তেল গরম করে জিরা, শুকনা মরিচ, আদা আর কিশমিশ কম আগুনে পাঁচ মিনিট ভাজো। তারপর প্যানে টমেটো, লবণ, চিনি এবং লেবুর রস ঢালো। সব কিছু ভালো করে মিশাও। চাটনি ঘন না হওয়া পর্যন্ত নাড়তে থাকো। চাটনি ঘন হলে আগুনটা খুব কমিয়ে দাও। কিছুক্ষণ পরে আগুনটা নিবিয়ে দাও। চাটনি ঠাণ্ডা হলে মধুর মতো ঘন হবে। চাটনি বোতলে করে রেফ্রিজারেটারে অনেক মাস রাখা যায়। চাটনি দিয়ে পোলাও অথবা লুচি খেতে খুব ভালো লাগে।

**প্রশ্ন ১৯**

এনার্জি সেভিং-এর জন্যে আমার প্রথম প্রতিজ্ঞা – আমি দাঁত মাজার সময় কলের ট্যাপটা বন্ধ করে রাখবো। এর ফলে আমার সাধারণতঃ যে পরিমাণ জল লাগে তার চেয়ে শতকরা আশি ভাগ কম লাগবে।

কলের ট্যাপ খুলে রেখে যদি প্রতিদিন তিন মিনিট ধরে দাঁত মাজা হয়, তা হলে প্রত্যেক বছরে ১০৯৫০ লিটার জল নষ্ট হবে।

**প্রশ্ন ২০ এবং ২১**

আমার দ্বিতীয় প্রতিজ্ঞা – এক কাপ চা অথবা কফি করার জন্যে যে পরিমাণ জল প্রয়োজন আমি কেবল মাত্র সেই পরিমাণ জল গরম করবো। সকলে যদি এই নিয়ম মেনে চলে তা হলে মাত্র একদিনে এতোটা বিদ্যুৎ শক্তি সঞ্চয় করা যাবে, যা দিয়ে রাত্রিবেলা সমস্ত ইউনাইটেড কিংডামের (যুক্তরাজ্যের) রাস্তার সব বাতি জ্বালানো যাবে।

**প্রশ্ন ২২**

আমার তৃতীয় প্রতিজ্ঞা – আমি যখন কম্পিউটার অথবা টেলিভিশন ব্যবহার করবো না তখন আমি যন্ত্রগুলিকে স্ট্যান্ডবাই-এ না রেখে বন্ধ করে দেবো। এর ফলে দিনে পঞ্চাশ মিলিয়ন পাউন্ড বাঁচানো যাবে – দুশো মিলিয়ন কাপ চায়ের দাম।

**SECTION B**
**Questions and answers in English.**

Question 23

নাসার স্পেইস স্টেশনের খবরে জানা গেছে যে, বিজ্ঞানীরা সৌরজগতের বাইরে একটা নতুন গ্রহ আবিষ্কার করেছেন। গ্রহটা দেখতে অনেকটা আমাদের পৃথিবীর মতো। গ্রহটার নাম OGLE – 2005 – BLG – 390LB. এটা আমাদের পৃথিবী থেকে একুশ হাজার লাইট ইয়ার দূরে এবং মিল্কিওয়েের ভিতরে। গ্রহটার মাঝখানটা পাথরের মতো শক্ত এবং আমাদের পৃথিবীর মতো এটার আবহাওয়া আছে।

Question 24

আজকাল জাপানে অনেক কাজ রোবোট দিয়ে করানো হচ্ছে। অনেক অফিসে রোবটিক কিটেন ব্যবহার করা হচ্ছে। কিটেনের অর্থ হচ্ছে বিড়ালের বাচ্চা। তুমি যদি এ রকম একটা বিড়ালকে আদর করে 'হ্যালো কিটী' বলো, বিড়ালটাও তোমাকে হ্যালো বলবে। অফিসে কেউ এলে রোবটিক কিটেন বুঝতে পারে কেউ এসেছে। বিড়ালটা তাঁকে আহ্বান করবে এবং তাঁর সাথে সাধারণ আলাপে যোগ দেবে।

Questions 25 and 26

কানে শুনতে পায় না এ রকম কোনো কুকুরের কথা তোমরা কখনো শুনেছো? একসেটারের একটা পশু-আশ্রয়ে (animal shelter) কানে শুনেত পায় না এ রকম একটি কুকুর ইশারায়, ইংরেজিতে যাকে বলে sign language, তাতে যোগাযোগ করতে শিখেছে। কুকুরটির নাম হলো বণ্টু। বণ্টু সাত রকমের ইশারা শিখেছে। তাকে যদি good boy বলো, তা হলে সে সামনের ডান পা তুলে তোমাকে ধন্যবাদ জানাবে।

Questions 27 and 28

সবুজ – আয়েশা, আপনি অনেক কথা বললেন আপনার সম্বন্ধে। এখন আমাকে বলুন আপনি কখন সবচেয়ে সুখী থাকেন।

আয়েশা – আমি সবচেয়ে বেশি সুখী হই যখন আমি বাড়িতে থাকি, আর বালিশে মাথা রেখে কার্পেটের উপর উপুর হয়ে শুয়ে থাকি। হা, হা, ...

সবুজ – ভাবতে পারিনি আপনার উত্তরটা এতো সুন্দর হবে। আপনার জীবনের আদর্শ কি?

আয়েশা –শুনবেন? হাসবেন না তো? 'যতটা খেতে পারবেন, তার বেশি কখনও খাবেন না।'

সবুজ – অনেক ধন্যবাদ, আয়েশা।

**END OF QUESTIONS**

**Blank page**

**Blank page**

**Blank page**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.